

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রকল্প পরিচালকের কার্যালয়

সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ই-১৪/এক্স, বিসিসি ভবন (৬ষ্ঠ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭।

Web site: www.doict.gov.bd, Fax: +88-02-55006827, E-mail: pd.labproject@doict.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.০০০০.০০১.০১৮.০০১.১৫-১৫০(৭৪)

তারিখ: ১৪/০৫/১৫ইং

বিষয়: প্রকল্পের আওতায় কম্পিউটার ল্যাব স্থাপনের নিমিত্তে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ অনুমোদিত ২০০০টি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সাথে সহযোগিতা চুক্তিপত্র স্বাক্ষর এবং ল্যাব কক্ষ রেগোভেশন ও সাইনবোর্ড স্থাপন কাজ শুরু সংক্রান্ত।

সূত্র: আইসিটি অধিদপ্তরের স্মারক নং- ৫৬.০০.০০০০.০২২.১৪.০৭৪.১৪(অংশ-১)-১৪২, তারিখ: ১২-০৫-২০১৫ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের স্মারকের যোগাযোগে জানানো যাচ্ছে যে, প্রকল্পের আওতায় সারাদেশের ২০০০টি শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব স্থাপনের কার্যক্রম শুরু হয়েছে। উক্ত কার্যক্রম সমাপ্তের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অনুমোদনক্রমে আপনার জেলায় সংযুক্ত তালিকা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করা হয়েছে (কপি সংযুক্ত)। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে নির্ধারিত সময়ের মধ্যে সহযোগিতা চুক্তিপত্র স্বাক্ষরিত না হলে, ল্যাব স্থাপনে প্রয়োজনীয় সহযোগিতা পাওয়া না গেলে এবং অন্য কোন জটিলতা সৃষ্টি হলে শিক্ষা প্রতিষ্ঠানের এ তালিকা সংশোধন ও পরিবর্তন হতে পারে। নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহে কম্পিউটার ল্যাব স্থাপনের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সম্মতি ও সহযোগিতা নিশ্চিতের লক্ষ্যে একটি সহযোগিতা চুক্তিপত্র স্বাক্ষর হওয়া প্রয়োজন। সেমতে সহযোগিতা চুক্তিপত্রের স্যাম্পল কপি এতদসংঙ্গে প্রেরণ করা হলো।

উল্লেখ্য যে, প্রকল্পের সংস্থান অনুযায়ী রেগোভেশন ও সাইনবোর্ড স্থাপন বাবদ বরাদ্দকৃত ২০,০০০/- ও ১০,০০০/- টাকা সহ মোট ৩০,০০০/- (ত্রিশ হাজার ৫.৫% ভ্যাটসহ) টাকায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ (স্যাম্পল চুক্তিপত্রের বিবরণ অনুযায়ী) ল্যাবকক্ষ রেগোভেশন এবং স্থাপিতব্য ল্যাবের জন্য সুন্দর ও মজবুত সাইনবোর্ড স্থাপনের কাজ অবিলম্বে শুরু এবং সমাপ্তের ব্যবস্থা করবেন। সমাপ্তকৃত কাজের বিবরণী প্রতিষ্ঠানের রেজিস্টারে লিপিবদ্ধ করবেন। তাছাড়া বর্ণিত কাজ শেষে প্রতিটি প্রতিষ্ঠান প্রধান ও প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সভাপতি/সেক্রেটারী সমাপ্ত কাজের বিপরীতে প্রত্যয়ন পত্র (স্যাম্পল কপি অনুযায়ী) প্রদান ও বিল/ভাউচার স্বাক্ষর করবেন এবং কার্য সমাপ্ত প্রত্যয়নপত্রে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রতিস্বাক্ষর করবেন। অবশেষে প্রতিটি প্রতিষ্ঠানের সমাপ্ত কাজের প্রত্যয়নপত্র ও বিল/ভাউচারসমূহ আগামী ১০ জুন ২০১৫ তারিখে প্রকল্প কার্যালয়ে দাখিল করতে হবে। কার্য সমাপ্তি প্রত্যয়নপত্র ও সমাপ্ত কাজের বিপরীতে উপযুক্ত বিল/ভাউচার প্রাপ্তি সাপেক্ষে ভ্যাট কর্তন বাদে বরাদ্দকৃত অর্থ চেক অথবা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে মানি ট্রান্সফারের মাধ্যমে প্রদান করা হবে। কোন প্রতিষ্ঠানে ল্যাব কক্ষ রেগোভেশন প্রয়োজন না হলে তা প্রকল্প কার্যালয়ে অবহিত করতে হবে।

এমতাবস্থায়, প্রতিটি নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে চুক্তিপত্রের স্যাম্পল কপি অনুযায়ী ৩০০ (তিনশত) টাকার নন জুডিসিয়াল স্ট্যাম্প স্বাক্ষরিত সহযোগিতা চুক্তিপত্র এবং শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব নং, ব্যাংক শাখার নাম, প্রতিষ্ঠান প্রধানের মোবাইল ফোন নং আগামী ২৮/০৫/২০১৫ তারিখের মধ্যে প্রকল্প কার্যালয়ে প্রেরণের নির্দেশনা প্রদানের জন্য তাকে অনুরোধ করা হলো। তাছাড়া বর্ণনামতে প্রতিটি প্রতিষ্ঠানের ল্যাবকক্ষ রেগোভেশন ও সাইনবোর্ড স্থাপনের কাজ সমাপ্ত করত: প্রতিষ্ঠান প্রধান ও প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সভাপতি/সেক্রেটারীর স্বাক্ষরিত বিল এবং প্রত্যয়নপত্রে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের প্রতিস্বাক্ষরসহ নির্ধারিত ১০ জুন ২০১৫ তারিখে প্রকল্প কার্যালয়ে দাখিল পূর্বক ভ্যাট কর্তন বাদে বরাদ্দকৃত অর্থ গ্রহণের নির্দেশনা দিতেও তাকে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে

মো: এমদাদুল হক
(অতিরিক্ত সচিব)
প্রকল্প পরিচালক

ফোন : ৫৫০০৬৮২৫, মোবাইল : ০১৭৮৭৬৬৩৭৪৩

জেলা প্রশাসক

ঢাকা/ফরিদপুর/গাজীপুর/গোপালগঞ্জ/জামালপুর/কিশোরগঞ্জ/মাদারীপুর/মানিকগঞ্জ/মুন্সিগঞ্জ/ময়মনসিংহ/নারায়নগঞ্জ/নরসিংদী/নেত্রকোনা/রাজবাড়ী/শরীয়তপুর/শেরপুর/টাঙ্গাইল/বাগেরহাট/চুয়াডাঙ্গা/যশোর/ঝিনাইদাহ/খুলনা/কুষ্টিয়া/মাগুরা/মেহেরপুর/নড়াইল/সাতক্ষিরা/বগুড়া/চাঁপাইনবাবগঞ্জ/জয়পুরহাট/নওগাঁ/নাটোর/পাবনা/রাজশাহী/সিরাজগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ/সিলেট/বরগুনা/বরিশাল/ভোলা/ঝালকাঠি/পটুয়াখালী/পিরোজপুর/বান্দরবান/ব্রহ্মণবাড়িয়া/চাঁদপুর/চট্টগ্রাম/কুমিল্লা/কক্সবাজার/ফেনী/খাগড়াছড়ি/লক্ষীপুর/নোয়াখালী/রাঙামাটি/দিনাজপুর/গাইবান্ধা/কুড়িগ্রাম/লালমনিরহাট/নীলফামারী/পঞ্চগড়/রংপুর/ঠাকুরগাঁও।

অনুলিপি:

১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিসি ভবন, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ- সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা-১)।

২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ব্যান্ডক ভবন, আগারগাঁও, ঢাকা।

৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৫। জেলা শিক্ষা অফিসার

ঢাকা/ফরিদপুর/গাজীপুর/গোপালগঞ্জ/জামালপুর/কিশোরগঞ্জ/মাদারীপুর/মানিকগঞ্জ/মুন্সিগঞ্জ/ময়মনসিংহ/নারায়নগঞ্জ/নরসিংদী/নেত্রকোনা/রাজবাড়ী/শরীয়তপুর/শেরপুর/টাঙ্গাইল/বাগেরহাট/চুয়াডাঙ্গা/যশোর/ঝিনাইদাহ/খুলনা/কুষ্টিয়া/মাগুরা/মেহেরপুর/নড়াইল/সাতক্ষিরা/বগুড়া/চাঁপাইনবাবগঞ্জ/জয়পুরহাট/নওগাঁ/নাটোর/পাবনা/রাজশাহী/সিরাজগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ/সিলেট/বরগুনা/বরিশাল/ভোলা/ঝালকাঠি/পটুয়াখালী/পিরোজপুর/বান্দরবান/ব্রহ্মণবাড়িয়া/চাঁদপুর/চট্টগ্রাম/কুমিল্লা/কক্সবাজার/ফেনী/খাগড়াছড়ি/লক্ষীপুর/নোয়াখালী/রাঙামাটি/দিনাজপুর/গাইবান্ধা/কুড়িগ্রাম/লালমনিরহাট/নীলফামারী/পঞ্চগড়/রংপুর/ঠাকুরগাঁও।

৬। সহকারী প্রকল্প পরিচালক, সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প।

৭। সকল সহকারী প্রোগ্রামার ও সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প।

৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।

৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।

১০। নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ মাদ্রাসা সুপার (সকল)।